Faruque Hassan
President



সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৪/ ৯৫

তারিখঃ ০৯/০১/২০২৪

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ** আমদানি পণ্য খালাসে এইচ. এস. কোড সংক্রান্ত জটিলতা নিরসনের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের দিক নির্দেশনা প্রসঙ্গে।

সূত্রঃ (ক) জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং ০৮.০১.০০০০.৫৩.০২.০২৩.২৩/৪৩৩, তারিখ: ২১/১২/২০২৩।
(খ) বিজিএমইএ'র সার্কুলার নং বিজিএ/কাস/২০২৩/৭৭, তারিখ: ০৪/০৪/২০২৩।
(গ) বিজিএমইএ'র সার্কুলার নং বিজিএ/কাস/২০২২/২৪৮, তারিখ: ৩০/১০/২০২২।

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পের আমদানি পণ্য খালাসে এইচ.এস. কোড সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য জাতীয় রাজস্ব বোর্ড, সংশ্লিষ্ট কাস্টম হাউস ও বন্ড কমিশনারেট সমূহের সাথে আমরা সভা এবং পত্র প্রদানের মারফত কার্যক্রম চলমান রেখেছি। ইতিপূর্বে আমদানি পণ্য খালাসের ক্ষেত্রে এইচ.এস. কোড সংক্রান্ত জটিলতা নিরসন ও কার্যক্রম সহজীকরন এবং সুস্পষ্টকরণের নিমিত্তে জাতীয় রাজস্ব বোর্ড হতে নির্দেশনা জারী করা হয়েছে যা সূত্রোক্ত 'খ' ও 'গ' সার্কুলারের মাধ্যমে আপনাদের অবগত করা হয়েছে।

আমদানি পণ্য খালাসে এইচ.এস. কোড সংক্রান্ত কার্যক্রম আরো সহজীকরণ ও সুস্পষ্টকরণের নিমিত্তে জাতীয় রাজস্ব বোর্ড হতে ২১/১২/২০২৩ইং তারিখে জারীকৃত সূত্রোক্ত 'ক' স্মারকের মাধ্যমে কাস্টমসের সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। আমরা বন্ডের আওতায় আমদানিকৃত পণ্য খালাসের ক্ষেত্রে এইচ.এস. কোড সংক্রান্ত জটিলতা নিরসনের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড ও সংশ্লিষ্ট কাস্টম হাউস ও বন্ড কমিশনারেটের সাথে আলোচনার মাধ্যমে সুরাহার জন্য প্রচেষ্টা অব্যাহত রাখবো।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে সূত্রোক্ত জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা ও সার্কুলারসমূহ এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.৫৩.০২.০২৩.২৩/৪৬৬ তারিখ: ২১ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ।

বিষয়: The Customs Act, 1969 এর section 156(1) এর Table এর ক্রমিক নং 14 বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের দিক নির্দেশনা।

সূত্র:
১। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.৫৩.০১.০০২.২০/১৮৯, তারিখ: ৩০/০৬/২০২০ খ্রিঃ।
২। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.৫৭.০১.০০৫.১৪/২০৩, তারিখ: ১১/১০/২০২১ খ্রিঃ।
৩। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.৫৩.০২.০২৩.২৩/১৫৩, তারিখ: ০২/০৪/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, The Customs Act, 1969 এর section 156(1) এর Table এর ক্রমিক নং 14- তে বর্ণিত offences এর বিপরীতে penalties কলামে section 32 এর আওতায় অসত্য ঘোষণার জন্য দন্ড আরোপের বিধান বিষয়ে সূত্রোক্ত পত্র তিনটির মাধ্যমে ইতোপূর্বে নির্দেশনা প্রদান করা হয়েছে। দ্রুততার সাথে পণ্যচালান শুল্কায়নের পাশাপাশি কাস্টমস সংশ্লিষ্ট কার্যক্রম অধিকতর ব্যবসা ও বিনিয়োগ বান্ধব করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ নির্দেশনা প্রদান করছে:

(ক) আমদানিকারক কর্তৃক কোনো কাস্টম হাউস/স্টেশনের মাধ্যমে কোনো পণ্য প্রথমবার আমদানির ক্ষেত্রে যদি বানিজ্যিক দলিলাদিতে পণ্যের বাণিজ্যিক বা ট্যারিফ বর্ণনা, আর্ট নম্বর, পার্ট নম্বর, ব্র্যান্ড, মডেল, সাইজ, কালার, ক্যাপাসিটি, উৎস দেশ (country of origin) ইত্যাদি যথাযথ থাকে অর্থাৎ যদি ঘোষণাটি সুস্পষ্ট ও সুনির্দিষ্ট (responsive) হয়, যা থেকে পণ্যটি সম্পর্কে সুস্পষ্ট ধারনা পাওয়া যায় এবং ঘোষিত H.S.Code Bangladesh Customs Tariff (BCT) এর 4-digit পর্যন্ত সঠিক থাকে তাহলে তা মিথ্যা ঘোষণা হিসেবে বিবেচিত হবেনা। তবে, এক্ষেত্রে পণ্যের প্রকৃত বর্ণনার ভিত্তিতে সঠিক H.S.Code কিংবা CPC নিরুপনপূর্বক প্রযোজ্য শুল্ক-কর আদায় করতে হবে।

(খ) কোন পণ্য প্রথমবার আমদানির ক্ষেত্রে CPC ভুল হলে তা মিথ্যা ঘোষণা হিসেবে বিবেচিত হবে না। তবে প্রথমবার আমদানির পরবর্তীতে আমদানিকৃত পণ্যচালানের ক্ষেত্রে CPC ভুল হলে রাজস্ব সংশ্লিষ্টতা নির্বিশেষে তা মিথ্যা ঘোষণা হিসেবে গণ্য হবে।

(গ) আমদানিকৃত পণ্য কোনো একটি কাস্টম হাউস/স্টেশন কর্তৃক কোনো H.S.Code কিংবা CPC এর আওতায় শুল্কায়নপূর্বক খালাস পরবর্তীতে উক্ত একই পণ্য একই বা ভিন্ন কাস্টম হাউস/স্টেশনের মাধ্যমে আমদানির ক্ষেত্রে যদি ইতোপূর্বে অনুমোদিত H.S.Code কিংবা CPC সঠিক নয় মর্মে কাস্টম হাউসের এসেসমেন্ট কমিটি কিংবা জাতীয় রাজস্ব বোর্ডের শ্রেণীবিন্যাস কমিটি কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয় এবং এপ্রেক্ষিতে পূর্বের অনুমোদিত H.S.Code কিংবা CPC পরিবর্তন করা হয় তাহলে তা মিথ্যা ঘোষণা হিসেবে বিবেচিত হবেনা। Partial Shipment সুবিধাযুক্ত ঋণপত্রের ক্ষেত্রেও এ বিধান প্রযোজ্য হবে।

(ঘ) দফা (ক), (খ) ও (গ) মোতাবেক কাস্টমস কর্তৃক নিরুপিত বা অনুমোদিত H.S.Code কিংবা CPC ব্যবহার না করে একই আমদানিকারক কর্তৃক পরবর্তী কোন পণ্যচালানের ক্ষেত্রে একই পণ্য ভুল H.S.Code কিংবা CPC ঘোষণাপূর্বক আমদানি করলে তা কাস্টমস আইনের ৩২ ধারা মোতাবেক মিথ্যা ঘোষণা হিসেবে গণ্য হবে এবং ন্যায় নির্ণয়ন প্রযোজ্য হবে।

(ঙ) আমদানি দলিলাদি যথা ইনভয়েস, প্রোফরমা ইনভয়েস, এলসি, বি/এল, প্যাকিং লিস্ট ইত্যাদিতে ভুল H.S.Code ঘোষণা থাকলে এবং বিল অব এন্ট্রি দাখিলের পূর্বে কমিশনারের পূর্বানুমোদনক্রমে সঠিক H.S.Code ঘোষণা প্রদান করা হলে তা মিথ্যা ঘোষণা হিসেবে বিবেচিত হবে না; তবে এক্ষেত্রেও আমদানি

দলিলাদির সাথে ম্যানিফেস্ট বা বিল অব এন্ট্রিতে ঘোষিত পণ্যের ওজন, পরিমাণ ও বর্ণনায় তারতম্য পাওয়া গেলে তা অসত্য ঘোষণা হিসেবে বিবেচিত হবে এবং ন্যায় নির্ণয়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

০২। এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২১/১২/২৫

সংযুক্তি: বর্ণনামতে ..০৪.... পাতা।

তানভীর আহমেদ
দ্বিতীয় সচিব
(কাস্টমস: ডাটা অ্যানালাইটিকস)
ই-মেইল: sscuspolicy@gmail.com

বিতরণ:

১-৬। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/আইসিডি, কমলাপুর/মোংলা/পানগাঁও।
৭-২২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/দক্ষিণ/পূর্ব/পশ্চিম/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/(আপীল) ঢাকা-১/(আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।
২৩-২৬। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
২৭-২৯। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/উত্তর/চট্টগ্রাম।
৩০-৩১। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা/কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।

অনুলিপি:

০১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। পিএ টু সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

Faruque Hassan
President

MADE IN BANGLADESH WEEK
12-18 November 2022, Dhaka

BGMEA

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৩/৭৭ তারিখঃ ০৪/০৪/২০২৩

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ আমদানি পণ্য খালাসে এইচ. এস. কোড সংক্রান্ত জটিলতা নিরসনের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের দিক নির্দেশনা।**

**সূত্রঃ (ক)** জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.৫৩.০২.০২৩.২৩/১৫৩, তারিখ: ০২/০৪/২০২৩।
**(খ)** বিজিএমইএ'র সার্কুলার নং- বিজিএ/কাস/২০২২/২৪৮, তারিখ: ৩০/১০/২০২২।
**(গ)** বিজিএমইএ'র সার্কুলার নং- বিজিএ/কাস/২০২২/৮৮, তারিখ: ০৯/০৫/২০২২।

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা সকলে অবগত আছেন যে, রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পের আমদানিকৃত কাঁচামাল এইচ. এস. কোড জনিত জটিলতার কারণে খালাসের ক্ষেত্রে বিভিন্নভাবে হয়রানির সম্মুখীন হতে হয়। এইচ. এস. কোড সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য বিজিএমইএ জাতীয় রাজস্ব বোর্ড ও কাস্টম হাউস গুলোর সাথে বিভিন সভায় মিলিত হয়। এইচ. এস. কোড সংক্রান্ত জটিলতা নিরসনের কার্যক্রম এখনও চলমান রয়েছে।

এইচ. এস. কোড সংক্রান্ত জটিলতা সহজীকরণের জন্য ০২/০৪/২০২৩ইং তারিখে জাতীয় রাজস্ব বোর্ড হতে জারীকৃত সূত্রোক্ত স্মারকের মাধ্যমে সকল কাস্টম হাউস, বন্ড কমিশনারেট'সহ সংশ্লিষ্ট সকলকে দিক নির্দেশনা প্রদান করা হয়েছে।

আপনারদের সদয় অবগতি ও স্মারকে উল্লেখিত এইচ. এস. কোড সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্তে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত দিক নির্দেশনার কপি এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো। এছাড়াও এইচ. এস. কোড সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য জাতীয় রাজস্ব বোর্ড হতে জারী দিক নির্দেশনাসমূহ সূত্রোক্ত 'খ' ও 'গ' সার্কুলারের মাধ্যমে আপনাদের অবহিত করা হয়েছে।

ধন্যবাদান্তে,

**ফারুক হাসান**
**সভাপতি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.৫৩.০২.০২৩.২৩/৬৫৬ তারিখ: ০২ এপ্রিল, ২০২৩ খ্রিঃ।

**বিষয়: The Customs Act, 1969 এর section 156(1) এর Table এর ক্রমিক নং 14 বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের দিক নির্দেশনা।**

সূত্র: ১। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.৫৩.০১.০০২.২০/১৮৯, তারিখ: ৩০/০৬/২০২০ খ্রিঃ।
২। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.৫৭.০১.০০৫.১৪/২০৩, তারিখ: ১১/১০/২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, The Customs Act, 1969 এর section 156(1) এর Table এর ক্রমিক নং 14- তে বর্ণিত offences এর বিপরীতে penalties কলামে section 32 এর আওতায় অসত্য ঘোষণার জন্য দন্ড আরোপের বিধান বিষয়ে সূত্রোক্ত পত্র দুটির মাধ্যমে ইতোপূর্বে নির্দেশনা প্রদান করা হয়েছে। কাস্টমস সংশ্লিষ্ট কার্যক্রম অধিকতর ব্যবসা ও বিনিয়োগ বান্ধব করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ নির্দেশনা প্রদান করছে:

(ক) আমদানিকারক কর্তৃক কোনো কাস্টম হাউস/স্টেশনের মাধ্যমে কোনো পণ্য প্রথমবার আমদানির ক্ষেত্রে যদি পণ্যের বাণিজ্যিক বা ট্যারিফ বর্ণনা, আর্ট নম্বর, পার্ট নম্বর, ব্র্যান্ড, মডেল, সাইজ, কালার, ক্যাপাসিটি, উৎস দেশ (country of origin) ইত্যাদি যথাযথ থাকে যা থেকে পণ্যটি সম্পর্কে সুস্পষ্ট ধারনা পাওয়া যায় এবং ঘোষিত H.S.Code Bangladesh Customs Tariff (BCT) এর 6-digit পর্যন্ত সঠিক থাকলে তাহলে তা মিথ্যা ঘোষণা হিসেবে বিবেচিত হবেনা। তবে, এক্ষেত্রে পণ্যের প্রকৃত বর্ণনার ভিত্তিতে সঠিক H.S.Code কিংবা CPC নিরুপনপূর্বক প্রযোজ্য শুল্ক-কর আদায় করতে হবে।

(খ) কোন পণ্য প্রথমবার আমদানির ক্ষেত্রে CPC ভুল হলে তা মিথ্যা ঘোষণা হিসেবে বিবেচিত হবে না। তবে প্রথমবার আমদানির পরবর্তীতে আমদানিকৃত পণ্যচালানের ক্ষেত্রে CPC ভুল হলে রাজস্ব সংশ্লিষ্টতা নির্বিশেষে তা মিথ্যা ঘোষণা হিসেবে গণ্য হবে।

(গ) আমদানিকৃত পণ্য কোনো একটি কাস্টম হাউস/স্টেশন কর্তৃক কোনো H.S.Code কিংবা CPC এর আওতায় শুল্কায়নপূর্বক খালাস পরবর্তীতে উক্ত একই পণ্য একই বা ভিন্ন কাস্টম হাউস/স্টেশনের মাধ্যমে আমদানির ক্ষেত্রে যদি ইতোপূর্বে অনুমোদিত H.S.Code কিংবা CPC সঠিক নয় মর্মে কাস্টম হাউসের এসেসমেন্ট কমিটি কিংবা জাতীয় রাজস্ব বোর্ডের শ্রেণীবিন্যাস কমিটি কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয় এবং পূর্বের অনুমোদিত H.S.Code কিংবা CPC পরিবর্তন করা হয় তাহলে তা মিথ্যা ঘোষণা হিসেবে বিবেচিত হবেনা। Partial Shipment সুবিধাযুক্ত ঋণপত্রের ক্ষেত্রেও এ বিধান প্রযোজ্য হবে।

(ঘ) দফা (ক), (খ) ও (গ) মোতাবেক কাস্টমস কর্তৃক নিরুপিত বা অনুমোদিত H.S.Code কিংবা CPC ব্যবহার না করে একই আমদানিকারক কর্তৃক একই জাতীয় পণ্য ভুল H.S.Code কিংবা CPC ঘোষণাপূর্বক আমদানি করলে তা কাস্টমস আইনের ৩২ ধারা মোতাবেক মিথ্যা ঘোষণা হিসেবে গণ্য হবে এবং ন্যায় নির্ণয়ন প্রযোজ্য হবে।

০২। এমতাবস্থায়, আপনার অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে .......... পাতা।

02/04/2023

মোঃ পারভেজ রেজা চৌধুরী
দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি)
ই-মেইল: sscuspolicy@gmail.com

বিতরণ:

১-৬। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/আইসিডি, কমলাপুর/মোংলা/পানগাঁও।

৭-২২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/দক্ষিণ/পূর্ব/পশ্চিম/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/(আপীল) ঢাকা-১/(আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।

২৩-২৬। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২৭-২৯। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/উত্তর/চট্টগ্রাম।

৩০-৩১। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা/কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।

অনুলিপি:

০১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২। পিএ টু সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

বিজিএ/কাস/২০২২/ ২৪৮

৩০ অক্টোবর, ২০২২

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ বন্ডের আওতায় আমদানিকৃত পণ্য শুল্কায়ন ও খালাস সহজীকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ(ক) জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/৪১৮ তারিখঃ ২৫/১০/২২।
(খ) জাতীয় রাজস্ব বোর্ডের অফিস আদেশ নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/১৫৯ তারিখঃ ২৮/০৪/২২।

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সকলের দৃষ্টি আকর্ষণ করছি। বন্ডের আওতায় আমদানিকৃত পণ্য শুল্কায়ন ও খালাস প্রক্রিয়া সহজীকরণ এবং H.S. Code সংক্রান্ত জটিলতা ও দীর্ঘসূত্রীতা পরিহারের জন্য আমার নেতৃত্বে বিজিএমইএ'র একটি প্রতিনিধিদল গত ১৭/১০/২০২২ইং তারিখে চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ডের সাথে একটি সভায় মিলিত হয়। উক্ত সভায় বন্ডের আওতায় আমদানিকৃত পণ্য শুল্কায়ন ও খালাস প্রক্রিয়া সহজীকরণের জন্য জোড় দাবী জানানো হয়। এছাড়া উল্লেখিত বিষয়ে চট্টগ্রাম কাস্টম হাউস এবং চট্টগ্রাম ভ্যাট কমিশনারেটের সাথেও বিজিএমইএ প্রতিনিধিদলের সভা অনুষ্ঠিত হয়েছে।

উল্লেখিত সভার সূত্র ধরে জাতীয় রাজস্ব বোর্ড সকল কমিশনারের বরাবরে সূত্রোক্ত (ক) পত্রটি জারী করেছে। আমরা বন্ডের আওতায় আমদানিকৃত পণ্য শুল্কায়ন ও খালাস প্রক্রিয়া আরও সহজীকরণের জন্য জাতীয় রাজস্ব বোর্ড ও বিভিন্ন কাস্টম হাউস ও বন্ড কমিশনারের সাথে আলোচনার মাধ্যমে সুরাহার জন্য আমাদের প্রচেষ্টা অব্যাহত রাখবো।

জাতীয় রাজস্ব বোর্ড হতে জারীকৃত সূত্রোক্ত পত্রদ্বয় আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্য্যক্রমের জন্য এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

সংযুক্তিঃ বর্ণনামতে।



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/ ৪১৮

তারিখ: ২৫/১০/২০২২ খ্রি:।

বিষয়: **বন্ডের আওতায় আমদানিকৃত পণ্য শুল্কায়ন ও খালাস সহজীকরণ প্রসঙ্গে।**

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ডের অফিস আদেশ নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/১৫৯, তারিখ: ২৮/০৪/২০২২খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

02। সূত্রোক্ত পত্রের মাধ্যমে আমদানিকৃত পণ্য চালান ও শুল্কায়ন খালাস সহজীকরণ এবং বন্ড লাইসেন্সে H.S. Code সংযোজনের ক্ষেত্রে জটিলতা ও দীর্ঘসূত্রিতা পরিহারের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড হতে আদেশ/নির্দেশনা জারি করা হয়েছিল, কিন্তু সাম্প্রতিককালে কোন কোন কাস্টম হাউজে উক্ত আদেশ/নির্দেশনা পরিপালন করা হচ্ছে না মর্মে লক্ষ করা যাচ্ছে। বিশেষত: বন্ড লাইসেন্সে H.S. Code অন্তর্ভুক্ত না থাকা, H.S. Code এ ভুল থাকা, H.S. Code সঠিক কিন্তু পণ্যের বর্ণনা/ঘোষণার হুবহু মিল না থাকা ইত্যাদি ক্ষেত্রে করণীয় সম্পর্কে আদেশে সুস্পষ্ট নির্দেশনা থাকা সত্ত্বেও এ সকল ক্ষেত্রে পণ্য খালাসকরণ বন্ধ এমনকি প্রতিষ্ঠানের সমস্ত আমদানী-রপ্তানী কার্যক্রম স্থগিত করা হচ্ছে এবং কোন কোন ক্ষেত্রে প্রতিষ্ঠান পরবর্তীতে H.S. Code লাইসেন্সে সংযোজন করে নেওয়ার পরেও উক্ত H.S. Code এর পণ্যের পরবর্তী আমদানীর সময়ও খালাস বন্ধ রাখা হচ্ছে যা বাণিজ্য সহজীকরণের অনুকূল নয়।

03। বর্ণিতাবস্থায়, রপ্তানীমুখী বন্ডেড প্রতিষ্ঠানসমূহের বন্ডের আওতায় আমদানীকৃত পণ্যের শুল্কায়ন সহজীকরণ এবং অনাবশ্যক খালাসের ক্ষেত্রে অনাবশ্যক বিলম্ব পরিহার করে দ্রুত ও নিরবচ্ছিন্ন খালাসকরণ নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রোক্ত আদেশ/নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট দপ্তরসমূহকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫/১০/২০২

(নাজমুন নাহার)
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)
১-৬। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/পানগাঁও/আইসিডি (কমলাপুর)।
৭-৮। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
৯-১৪। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী/যশোর/ খুলনা/রংপুর/কুমিল্লা/সিলেট।

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/

তারিখ: ২৫/১০/২০২২ খ্রি:।

অনুলিপি: সদয় অবগতির জন্য
১। প্রেসিডেন্ট, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারিং এক্সপোর্ট এসোসিয়েশন (বিজিএমইএ)।
২। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৩। পি এ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৪-৫। অফিস কপি/গার্ড কপি।

২৫/১০/২০২২

(নাজমুন নাহার)
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল-ssbondnbr@gmail.com

G/e

F:\Head-01\Letter 01.002.17.Doc

জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]
[অফিস আদেশ]

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/ ৯৫৯ তারিখ: ২৮/০৪/২০২২ খ্রি:।

বিষয়: বন্ডের আওতায় আমদানিকৃত পণ্য শুল্কায়ণ ও খালাস সহজীকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। রপ্তানি বাণিজ্যের প্রসার সহজীকরণ, এলডিসি গ্রাজুয়েশন অর্জন প্রেক্ষাপট ও রেমিট্যান্স প্রবৃদ্ধি অব্যাহত রাখার লক্ষ্যে বিজিএমইএ, বিকেএমইএসহ বিভিন্ন এসোসিয়েশন বন্ডের আওতায় আমদানিকৃত পণ্যচালানসমূহ শুল্কায়ন সহজীকরণ ও দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য জাতীয় রাজস্ব বোর্ডের সহযোগিতা ও দিক নির্দেশনা কামনা করেন। মাঠ পর্যায় থেকে তথ্য সংগ্রহ করে জানা যায় যে, রপ্তানিমুখী বন্ডেড শিল্প প্রতিষ্ঠানের আমদানি প্রাপ্যতা তালিকায় কোন কোন ক্ষেত্রে আমদানিকৃত পণ্যের বর্ণনা সঠিক থাকলেও H.S Code এর সাথে মিল পাওয়া যায় না; আবার H. S Code এর সাথে মিল পাওয়া গেলেও পণ্যের বর্ণনার সাথে মিল পাওয়া যায় না। এ সমস্ত ক্ষেত্রে সংশ্লিষ্ট কাস্টম হাউসসমূহ ক্ষেত্র বিশেষে অঙ্গীকারনামা ও ব্যাংক গ্যারান্টি গ্রহণপূর্বক শুল্কায়িত পণ্য চালান নির্ধারিত সময়ের মধ্যে বন্ড লাইসেন্সে অন্তর্ভুক্ত করার শর্তে শুল্কায়ণ ও খালাস প্রদান করা হয়ে থাকে। আরো উল্লেখ্য, প্রত্যেক অর্থবছরের বাজেটে (অর্থ আইন) কিছু কিছু H. S Code নতুনভাবে Split করা হয়, যে কারণে প্রতিষ্ঠানের আমদানি প্রাপ্যতা তালিকায় পণ্যের বর্ণনার সাথে H. S Code এর সাথে অমিল তৈরি হয়। এ সমস্ত কারণেও বন্ডেড প্রতিষ্ঠানের আমদানি তালিকায় অন্তর্ভুক্ত পণ্য শুল্কায়ন ও খালাসে মাঠ পর্যায়ে প্রায়শ:ই এ জাতীয় জটিলতা তৈরি হয়ে থাকে।

০৩। সাধারণত: GRI, Explanatory Notes ও কাস্টমস এর Fair Practice অনুযায়ী পণ্যের বর্ণনার সাথে H. S Code এর অমিল পাওয়া গেলে পণ্যের বর্ণনাকে প্রাধান্য দেয়া হয়। কাস্টম হাউসসমূহ থেকে তথ্য নিয়ে জানা যায়, পণ্যের ঘোষণা/বর্ণনা সঠিক থাকলে এবং আমদানি প্রাপ্যতা তালিকায় H. S Code এর সাথে হুবহু মিল না থাকলে বা কিছুটা অসামঞ্জস্যতা থাকলে অঙ্গীকারনামা গ্রহণ করে পণ্য শুল্কায়ন করা হয়ে থাকে। অন্যদিকে, পণ্যের H. S Code এর সাথে মিল থাকলে, কিন্তু পণ্যের ঘোষণা/বর্ণনার হুবহু মিল না পাওয়া না গেলে, এছাড়াও উক্ত পণ্যের বন্ডে ব্যবহার থাকলে আমদানি প্রাপ্যতা তালিকায় ভবিষ্যতে অন্তর্ভুক্তির শর্তে ব্যাংক গ্যারান্টি গ্রহণপূর্বক রপ্তানির স্বার্থে পণ্য সাময়িক শুল্কায়নপূর্বক খালাস প্রদান করা হয়ে থাকে। কোন কোন ক্ষেত্রে এমনও লক্ষ্য করা যায় যে, শুল্কায়িত পণ্য বন্ড লাইসেন্সে অন্তর্ভুক্তির ক্ষেত্রে সময় ক্ষেপন হওয়ায় সাময়িক শুল্কায়নের মেয়াদ উত্তীর্ণ হয়। এ সমস্ত কারণেও রপ্তানিকারকগণ কাঁচামাল শুল্কায়নকালে বিভিন্ন জটিলতার সম্মুখীন হন। বিশেষত: সিকিউরিটি ট্যাগ ও লেভেলের ক্ষেত্রে ইদানিং এ বিষয়ে জটিলতা ব্যাপক হারে বেড়ে গেছে বলে বিজিএমইএ ও বিকেএমইএ জানান।

০৪। এমতাবস্থায়, বন্ডের আওতায় আমদানিকৃত পণ্য শুল্কায়ন সহজীকরণ ও দ্রুততার সহিত সম্পন্ন করার জন্য নিম্নরূপ আদেশ/নির্দেশনা জারি করা হলো:

(ক) বন্ড লাইসেন্সে উল্লিখিত কাঁচামাল/পণ্যের বর্ণনা সঠিক থাকলে, কিন্তু H.S Code সঠিক পাওয়া না গেলে সেক্ষেত্রে অনুচ্ছেদ-০৩ এ উল্লিখিত পণ্যদ্বয় (সিকিউরিটি ট্যাগ ও লেভেল) এবং অন্যান্য এক্সেসরিজ তৈরী পোশাকে ব্যবহৃত হবে বলে প্রতীয়মান মর্মে বিবেচিত হলে কাস্টম হাউস/শুল্ক স্টেশনের সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস অঙ্গীকারনামা গ্রহণ সাপেক্ষে পণ্য চালান খালাস পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সঠিক H.S. Code বন্ড লাইসেন্সে অন্তর্ভুক্তির শর্তে আমদানিকৃত কাঁচামাল/পণ্য সাময়িক শুল্কায়নপূর্বক খালাস প্রদান করবেন এবং সংশ্লিষ্ট কমিশনার/কমিশনার অব কাস্টমস (বন্ড)-কে অবহিত করবেন।

(খ) আমদানি প্রাপ্যতার সীমা অতিক্রম করলে বা আমদানি প্রাপ্যতার মেয়াদ উত্তীর্ণ হলে নিয়ন্ত্রণকারী কমিশনার, অথবা কমিশনার অব কাস্টমস (বন্ড) এর প্রত্যয়নপত্রের ভিত্তিতে আমদানিকৃত কাঁচামাল/পণ্য সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস ছাড়/খালাস প্রদান করবেন।

(গ) কাস্টম হাউস/স্টেশন কর্তৃক অনুচ্ছেদ-৪(ক) মোতাবেক অঙ্গীকারনামা গ্রহণ সাপেক্ষে সাময়িক শুল্কায়নপূর্বক খালাসকৃত কাঁচামাল/পণ্য সংশ্লিষ্ট বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্য ও মেশিনারিজ এর সাথে সামঞ্জস্যপূর্ণ হলে সংশ্লিষ্ট কমিশনার কিংবা কমিশনার অব কাস্টমস (বন্ড) উক্ত পণ্যের H. S Code বন্ডারের আবেদন প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে বন্ড লাইসেন্সের অন্তর্ভুক্তির ব্যবস্থা করবেন।

D:\01.002 17.Doc

Scanned with CamScanner

০৫। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

২১/৪/২২

(মোঃ মশিয়ার রহমান মন্ডল)
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১-৬। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/পানগাঁও/আইসিডি (কমলাপুর)।
৭-৮। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
৯-১৪। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী/যশোর/ খুলনা/রংপুর/কুমিল্লা/সিলেট।

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০১.০০২.১৭/ তারিখ: ২৮/০৪/২০২২ খ্রি:।

অনুলিপি: সদয় অবগতির জন্য

১। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
২। পি এ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৩-৪। অফিস কপি/গার্ড কপি।

(মোঃ মশিয়ার রহমান মন্ডল)
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com

D:\01.002.17.Doc

Scanned with CamScanner